



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং- ৪/কল/রং/১২৫/৩৩৩৬

তারিখ: ২৩/০৫/২০২১ খ্রি.

বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন সাঘাটা ডিগ্রী কলেজ এর অস্থায়ী স্বীকৃতির সময়সীমা ০১/০৭/২০২১ তারিখ হতে ৩০/০৬/২০২৬ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) বছরের জন্য বৃদ্ধি করেছেন।

শাখাসমূহ :

ক) মানবিক, খ) বিজ্ঞান, গ) ব্যবসায় শিক্ষা।

আবশ্যিক বিষয় :

- (১) বাংলা
- (২) ইংরেজি
- (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

নৈর্ব্যচনিক বিষয় :

(ক) মানবিক শাখা :

- ১। পৌরনীতি ও সুশাসন।
- ২। অর্থনীতি।
- ৩। ইতিহাস।
- ৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
- ৫। যুক্তিবিদ্যা।
- ৬। সমাজবিজ্ঞান।
- ৭। ইসলাম শিক্ষা।
- ৮। মনোবিজ্ঞান।

(খ) বিজ্ঞান শাখা :

- ১। পদার্থবিজ্ঞান।
- ২। রসায়ন।
- ৩। জীববিজ্ঞান।
- ৪। উচ্চতর গণিত।
- ৫। মনোবিজ্ঞান।

(গ) ব্যবসায় শিক্ষা শাখা :

- ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
- ২। হিসাববিজ্ঞান।
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।

(ঘ) সকল শাখার জন্য :

- ১। পরিসংখ্যান।
- ২। ভূগোল।

শর্তসমূহ :


- ১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ.৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

চলমান পাতা-২

- ৫। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (অধ্যক্ষের মাধ্যমে)।
- ৬। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ৭। প্রতি বিষয়ে কমপক্ষে ২৫ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে।
- ৮। গবেষণাগার ও গ্রন্থাগার স্থাপন সহ প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ও বই পুস্তকের সংখ্যা থাকতে হবে।
- ৯। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও ভাল করতে হবে।
- ১০। অধ্যক্ষ ও শিক্ষক সারণী বোর্ড অফিস কক্ষে প্রদর্শন করতে হবে।
- ১১। অফিস কক্ষে চলতি সেশনের সকল শ্রেণীর ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং বিগত তিন বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের তালিকা সারণী বোর্ডে উল্লেখ থাকতে হবে।
- ১২। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
 - ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
 - খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
 - গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে ব্যাংক ড্রাফট সহ প্রয়োজনীয় কাগজপত্র চলতি স্বীকৃতির সময়সীমা শেষ হওয়ার ৪ মাস পূর্বে জমা দিতে হবে।

অধ্যক্ষ,

সাঘাটা জিহী কলেজ, (EIN- ১২১৬০৯)
ডাকঘর : সাঘাটা
উপজেলা : সাঘাটা, জেলা: গাইবান্ধা।




(প্রফেসর মো: ফারাজ উদ্দিন তালুকদার)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
দিনাজপুর।

স্মারক নং- ৪/কল/রং/১২৫/৩৩৩৬(৬)

তারিখ: ২৩/০৫/২০২১ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
- ২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সাঘাটা, গাইবান্ধা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঘাটা, গাইবান্ধা।
- ৫। ওয়েব সাইট কপি।
- ৬। অফিস কপি।


২৩/০৫/২০২১
(প্রফেসর মো: ফারাজ উদ্দিন তালুকদার)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
দিনাজপুর।


জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।